

(প্রেস বিজ্ঞপ্তি)

০৭ ডিসেম্বর ২০২৩খ্রি.

### শিক্ষায় বিনিয়োগ অব্যাহত রাখবে: মেয়র রেজাউল

শিক্ষা বিস্তারে চট্টগ্রাম সিটি কর্পোরেশন বিনিয়োগ ও ভর্তুকি অব্যাহত রাখবে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো রেজাউল করিম চৌধুরী। বৃহস্পতিবার টাইগারপাসছ চসিক কার্যালয়ে তিনটি শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পরিষদের সভায় মেয়র এ মন্তব্য করেন।

মেয়র বলেন, বাংলাদেশের সিটি কর্পোরেশনগুলোর মধ্যে একমাত্র চসিকই শিক্ষা এবং স্বাস্থ্য খাতে ব্যাপক বিনিয়োগ করে থাকে। বর্তমানে ৮৮টি শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে প্রায় ৬৫ হাজার শিক্ষার্থীকে দক্ষ মানবসম্পদে পরিণত করছে চসিক। এক্ষেত্রে প্রতি বছর যে ভর্তুকি দিতে হয় সেটিকে আমি ব্যয় মনে না করে বিনিয়োগ মনে করি। কারণ শিক্ষার মাধ্যমে শিশুদেরকে সুনামগরিক হিসেবে গড়ে তুলতে পারলে তারা ভবিষ্যতে চট্টগ্রাম ও সর্বোপরি দেশের উন্নয়নে ভূমিকা রাখতে পারবে। এজন্য মেয়র হিসেবে আমি শিক্ষা খাতে বিনিয়োগ অব্যাহত রাখবো।

সভায় উপস্থিত ছিলেন রাঙামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সেলিনা আখতার, কাউন্সিলর জহর লাল হাজারী, মেয়রের একান্ত সচিব ও প্রধান শিক্ষা কর্মকর্তা আবুল হাশেম, গাহস্থল অর্থনীতি সিটি কর্পোরেশন কলেজের অধ্যক্ষ আলম আখতার, পোস্তারপাড় আছমা খাতুন সিটি কর্পোরেশন মহিলা কলেজের অধ্যক্ষ সুলতানা রাজিয়া, চট্টগ্রাম মিউনিসিপ্যাল মডেল স্কুল এ্যান্ড কলেজের অধ্যক্ষ সাহেদুল কবির চৌধুরীসহ পরিচালনা পরিষদের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮